



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহণ পুলে নতুন ২টি বাস সংযোজন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ এপ্রিল ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহণ পুলে সংযোজিত হয়েছে নতুন ২টি বাস। ১৩ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ক্রয়কৃত ৫২ সিটের এ বাস ২টি ফিতা কেটে উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, চেয়ারম্যানবন্দ, পরিবহন পুলের ম্যানেজারসহ শিক্ষক শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। টাটা ১৩১৬ মডেলের ৫৮৮৩ সিসির বাস ২টি ক্রয়ে বিশ্ববিদ্যালয়ের ব্যয় হয়েছে ৮৪,৫৮০০০ টাকা। এই নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহণ পুলের নিজস্ব পরিবহন সংখ্যা দাড়াল ১৯টি। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী পরিবহনে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি) এর ২ টি একতলা ও ৬টি দ্বিতল বাসও যুক্ত রয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস